

ব্যাঙ্ক কতৃক ঋণপ্রদানের ক্ষেত্রে 'নো ডিউ সার্টিফিকেট'-এর আবশ্যিকতা পরিহার

আরবিআই/2014-15/430

এফআইডিডি.সিও.এলবিএস.বিসি.নং.49/02.01.001/2014-15

জানুয়ারি 28, 2015

চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টরগণ

সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ (আরআরবিসমূহ ব্যতীত)

মাননীয় মহাশয়/মহাশয়া

ব্যাঙ্ক কতৃক ঋণপ্রদানের ক্ষেত্রে 'নো ডিউ সার্টিফিকেট'-এর আবশ্যিকতা পরিহার

অনুগ্রহ করে কার্যরীতিতে সরলীকরণ বিষয়ক আমাদের ডিসেম্বর 8, 2004 তারিখাঙ্কিত সার্কুলার আরপিসিডি.এলবিএস(এসএএ).বিসি.নং 62/08.01.00/2004-05 দেখুন। তার সঙ্গে, 'কৃষিঋণলাভ-এর পদ্ধতি এবং প্রক্রিয়ার সরলীকরণ'-বিষয়ক এপ্রিল 30, 2007 তারিখাঙ্কিত সার্কুলার আরপিসিডি.পিএলএফএস.বিসি.নং 85/05.04.02/2006-07 অনুসারে, ব্যাঙ্কসমূহকে 50,000 টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ-এর ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, ভাগচাষী এবং সমতুলদের ঋণদানের শর্ত হিসাবে 'নো ডিউ সার্টিফিকেট'-এর প্রয়োজনীয়তা পরিহার করে তার বদলে স্বঘোষণা (self declaration) সংগ্রহের পরামর্শ দেওয়া হয়েছে।

2. জুলাই 02, 2012 তারিখাঙ্কিত সার্কুলার আরপিসিডি.জিএসএসডি.বিসি.নং. 1/09.01.01/2012-13 প্রতিও দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যার ভিত্তিতে সরকারি সাহায্যপ্রাপ্ত যোজনা এসজিএসআই-এর (এখন এনআরএলএম) অধীন প্রকল্পের ক্ষেত্রে, যদি সার্ভিস এরিয়া ব্রাঞ্চ ঋণপ্রার্থীর আবেদনের সাপেক্ষে 15 দিনের মধ্যে 'নো ডিউ সার্টিফিকেট' প্রদান না করে, ঋণপ্রার্থীগণ তাদের প্রয়োজনমত ঋণের জন্য স্বাধীনভাবে লকের যে কোনও ব্রাঞ্চার কাছে যেতে পারে।

3. এই বিষয়ে, আমরা বিশেষতঃ গ্রামীণ এবং আধা-শহর এলাকায়, ঋণপ্রার্থীগণের কাছ থেকে অভিযোগ পেয়ে চলেছি যে ব্যাঙ্কসমূহ 'নো ডিউ সার্টিফিকেট' ব্যতীত ঋণ প্রদানে অসম্মত থাকছে। গ্রামীণ এবং আধা-শহর এলাকার উপর বিশেষ গুরুত্ব অর্পন করে, সকল ঋণপ্রার্থীগণকে সমস্যামুক্ত উপায়ে ঋণপ্রদান নিশ্চিত করতে এবং একথা চিন্তা করে যে যেহেতু প্রযুক্তিনির্ভর বিভিন্ন উপায় ব্যাঙ্কের কাছেই আছে যাতে মাল্টিপ্ল ফিন্যান্সিং এডানো যায়, গ্রামীণ এবং আধা-শহর এলাকায় সকল প্রকার ঋণের ক্ষেত্রে, এমনকি সরকারি সাহায্যপ্রাপ্ত প্রকল্পের অধীনে ঋণের ক্ষেত্রেও (এসএইচজিসমূহ ও জেএলজিসমূহ সহ, টাকার পরিমাণ মাই হোক না কেন, ব্যাঙ্কগুলিকে ঋণদানের শর্ত হিসাবে 'নো ডিউ সার্টিফিকেট'-এর প্রয়োজনীয়তা

পরিহার করার পরামর্শ দেওয়া হয়েছে, যদিবা সরকারি সাহায্যপ্রাপ্ত যোজনাটিতেই নির্দিষ্টভাবে 'নো ডিউজ সার্টিফিকেট' সংগ্রহ করার কথা বলা থাকে।

4. ব্যাঙ্কগুলিকে জানান হয়েছে যে যখন সরকারি সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির ক্ষেত্রে সার্ভিস এরিয়া অ্যাপ্রোচ পদ্ধতি কার্যকরী রয়েছে, তখন সরকারি সাহায্যপ্রাপ্ত প্রকল্পগুলির অধীনে ঋণ পাওয়ার উদ্দেশ্যে ঋণপ্রার্থী স্বাধীনভাবে তার পরিষেবা ক্ষেত্র বা সার্ভিস এরিয়ার অন্তর্গত যে কোনও ব্যাঙ্কের শাখায় যেতে পারেন।

5. ব্যাঙ্কগুলিকে উৎসাহ দেওয়া হয়েছে ঋণ-মূল্যায়ন পদ্ধতির (credit appraisal) অংশ হিসাবে 'নো ডিউ সার্টিফিকেট'-এর পরিবর্তে প্রয়োজনীয় উদ্ভাবনী শক্তি প্রয়োগ করে একটি বিকল্প পরিকাঠামো ব্যবহার করতে, যা অন্যান্য পদ্ধতিগুলির মধ্যে নিম্নে বর্ণিত পদ্ধতিগুলির একটি অথবা একাধিক নিয়ে গঠিত হতে পারে।

- ঋণ-সম্পর্কিত তথ্য সরবরাহকারী সংস্থাসমূহ দ্বারা ঋণ-সম্পর্কিত অতীত বিচার
- ঋণপ্রার্থীর থেকে স্বঘোষণা বা একটি হলফনামা সংগ্রহ
- সিইআরএসএআই নিবন্ধীকরণ
- সমকক্ষদের পর্যবেক্ষণ
- ঋণদাতাগণের ভিতর তথ্য আদানপ্রদান
- তথ্য অনুসন্ধান (অন্য ঋণদাতাগণের কাছ থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য চেয়ে পত্রাদি লিখন)

6. ব্যাঙ্কগুলিকে পরামর্শ দেওয়া হয়েছে, আরবিআই-এর উপস্থিত নির্দেশাবলীর শর্তানুসারে ঋণ-সম্পর্কিত তথ্য/ডেটা ঋণ-সম্পর্কিত তথ্য সরবরাহকারী সংস্থাসমূহের (সিআইসি) কাছে জমা করতে।

আপনার বিশ্বস্ত

(এ উদগাতা)

প্রধান মূখ্য মহাপ্রবন্ধক